

নং দুদক/৯২-২০১৪(গ)/সংস্থাপন/অংশ-২/৩২৮০৭

তারিখ: ০১/১১/২০১৭

অফিস আদেশ

দুর্নীতি দমন কমিশনের শূন্য পদের বিপরীতে নিম্নলিখিত ব্যক্তিকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ১০ম গ্রেডে টাকা ১৬০০০ - ৩৮৬৪০ বেতনক্রম অনুযায়ী দুর্নীতি দমন কমিশনের কোর্ট পরিদর্শক পদে নিয়োগ করা হলে;

ক্রমিক নম্বর	রোল নম্বর	নাম	নিজ জেলা
১.	৫০০১৩	মোঃ ইসমাইল হোসাইন	কুমিল্লা

শর্তাবলী:

- (ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
  - (খ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০০৮-এর ৭(১)(ক) বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিস থাকবেন;
  - (গ) শিক্ষানবিসকালীন দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০০৮-এর ৭(২)(ক) এবং ৫৪ (১) ধারা অনুযায়ী কমিশন যে কোন শিক্ষানবিসের চাকুরির অবসান ঘটতে পারবে;
  - (ঘ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০০৮-এর ৭(৩) বিধি অনুযায়ী শিক্ষানবিসকালে সন্তোষজনকভাবে দায়িত্ব পালনের পর সরকার ও কমিশন কর্তৃক সময় সময় জারীকৃত অন্যান্য শর্তাবলী পূরণ ও কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে কমিশনের বিধি মোতাবেক চাকুরি স্থায়ী করা হবে;
  - (ঙ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে কমিশন/সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং কমিশন/সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা তাঁর চাকুরি সম্পর্কিত বিষয়াদি নিয়ন্ত্রিত হবে;
  - (চ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০০৮-এর ৩৮(৬) বিধি অনুযায়ী যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে নির্দিষ্ট ফরমে নিজ এবং পরিবারের সদস্যগণের সম্পদ বিবরণী কমিশনের সচিব বরাবর দাখিল করতে হবে।
  - (ছ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০০৮-এর বিধি ১৬ অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে;
  - (জ) যোগদানের পূর্বে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড দ্বারা স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ সন্তোষজনক না হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে (স্বাস্থ্য পরীক্ষার বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরে যোগাযোগ করার পরামর্শ দেয়া গেল);
  - (ঝ) দাখিলকৃত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, মুক্তিযোদ্ধা সনদসহ অন্যান্য সনদের সত্যতা যাচাই করে সন্তোষজনক পাওয়া না গেলে কিংবা ভুয়া বলে প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
  - (ঞ) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ২। উপরোক্ত শর্তাবলীর আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৫ নভেম্বর ২০১৭ তারিখের মধ্যে সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।
- ৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হল।

স্বাক্ষরিত/  
ড. মোঃ শামসুল আরেফিন  
সচিব  
ফোন: ০২-৯৩৬০১১০  
ই-মেইল: secretary@acc.org.bd

